

কোনো ওয়েবসাইট ব্লক করে দেয়ার একাধিক কারণ থাকতে পারে। কিছু ওয়েবসাইট আছে, যেগুলো থেকে ভাইরাস ছড়িয়ে পড়ে। কিছু ওয়েবসাইটে এমন সব কনটেন্ট থাকতে পারে, যেগুলো আপনার ব্যক্তিগত তথ্য চুরি করতে পারে। একজন ব্যবহারকারী নিজের পিসি ব্যবহারের সময় সেসব সাইট থেকে সতর্ক থেকে সেগুলো এড়িয়ে চলতে পারেন। কিন্তু যদি এমন হয় এক কমপিউটারের একাধিক ব্যবহারকারী থাকে, তবে সেসব ক্ষতিকর সাইটগুলো ব্লক করে দেয়াই সবচেয়ে ভালো উপায়।

ওয়েবসাইট ব্লক করে দেয়ার একাধিক উপায় আছে। নির্দিষ্ট ব্রাউজারের জন্য ওয়েবসাইট ব্লক করে দেয়া যায়, পুরো অপারেটিং সিস্টেমের জন্যও ওয়েবসাইট ব্লক করে দেয়া যায় অথবা ব্যবহারকারীর নেটওয়ার্ক রাউটারের জন্যও এটি করা যায়। জেনে নেয়া যাক, কীভাবে ওয়েবসাইট ব্লক করা যায়।

কমপিউটার অ্যাড্রেস

শুধু একটি মেশিন দিয়ে ওয়েবসাইটে অ্যাক্সেস করা হলে অপারেটিং সিস্টেম লেভেল ব্লক সেটআপ করে নিতে পারে। এই পদ্ধতিতে সাইট ব্লক করা খুব কঠিন নয়। আর এটা সব ব্রাউজারে কাজ করে। উইন্ডোজ কমপিউটারে যেকোনো ওয়েবসাইট ব্লক ইন্টারনেটে সিস্টেমের অন্যতম ভিত হচ্ছে ডিএনএস সিস্টেম। এই সিস্টেমটি মূলত যা করে, তা হচ্ছে কাঠখোঁটা সব আইপি অ্যাড্রেসকে (8.8.8.8.) সহজে মনে রাখা যায় (ধরনও) এমন নামে, যেমন www.google.com অনুবাদ করে দেয়। একজন ব্যবহারকারী যখন কোনো সাইট পাওয়ার জন্য ডিএনএস সিস্টেম ব্যবহার করে, তখন তার কমপিউটারটি একটি হোস্ট ফাইলকেও কল করে, যা এসব তথ্য লোকালি স্টোর করে রাখতে পারে। এটিকে অ্যাচিভ সব ওয়েবসাইটে অ্যাক্সেস ডিজ্যাবল করার জন্যও ব্যবহার করা যেতে পারে। উইন্ডোজ ৭ ও ৮ উভয় অপারেটিং সিস্টেমেই এটি কাজ করে।

০১. কমপিউটারের অ্যাডমিন অ্যাক্সেস থাকতে হবে। কোনো একটি অ্যাডমিন অ্যাকাউন্ট থেকে পিসিতে সাইন ইন করে যেতে হবে C:\Windows\System32\drivers\etc\
০২. হোস্ট নামের ফাইলে ডাবল ক্লিক করতে হবে এবং প্রোগ্রামের তালিকা থেকে নোটপ্যাড সিলেক্ট করতে হবে। হোস্ট ফাইলের শেষ লাইন দুটি হবে এমন- '# 127.0.0.1 localhost' and '# ::1::localhost'

২ক. ফাইল এডিট করা না গেলে হোস্ট লেবেল আটা ফাইলে রাইট ক্লিক করে প্রোগ্রামটি সিলেক্ট করতে হবে। সিকিউরিটি ট্যাব, অ্যাডমিনিস্ট্রেটর অ্যাকাউন্ট সিলেক্ট করে এডিটে ক্লিক করতে হবে।

২খ. পপআপে অ্যাকাউন্ট আবার সিলেক্ট করতে হবে এবং ফুল কন্ট্রোল চেক করে দিতে হবে। অ্যাপ্রাইয়ে ক্লিক করতে হবে।

০৩. ফাইলের শেষে সেসব ওয়েবসাইট ব্লক করতে চান, সেগুলোকে যুক্ত করতে পারেন। এটি করতে ফাইলের শেষে একটি লাইন যোগ করতে হবে। এজন্য প্রথমে 127.0.0.1 এবং

কমপিউটার, ফোন বা নেটওয়ার্কে ওয়েবসাইট ব্লক

আনোয়ার হোসেন

তারপর যে সাইট ব্লক করতে চান, তার নাম দিতে হবে, যা আপনার লোকাল কমপিউটারে রিডাইরেক্ট করবে।

০৪. উদাহরণস্বরূপ, আমরা যদি গুগলকে ব্লক করে দিতে চাই, তবে ফাইলের শেষে যোগ করতে হবে '127.0.0.1 google.com' কোটেশন মার্ক ছাড়াই। এভাবে যত খুশি ওয়েবসাইট ব্লক করা যাবে, তবে মনে রাখতে হবে, এক লাইনে শুধু একটি সাইট ব্লক করা যাবে।
০৫. উপরের পদক্ষেপ অনুসারে যতগুলো খুশি ওয়েবসাইট ব্লক করে দিতে পারেন।
০৬. হোস্ট ফাইল সেভ করে বন্ধ করে দিতে হবে। পরিবর্তন কার্যকর করার জন্য কমপিউটার রিবুট করতে হবে এবং রিবুট শেষে লক্ষ করলে দেখা যাবে, ব্লক করা ওয়েবসাইটগুলো দেখা যাচ্ছে না।

ব্রাউজার লেভেলে যেকোনো ওয়েবসাইট ব্লক করা

ব্রাউজারে যেকোনো ওয়েবসাইট ব্লক করা খুব সহজ একটি কাজ। ফায়ারফক্স ব্রাউজারের জন্য ব্লক সাইট (BlockSite) নামে একটি অ্যাড-অন ডাউনলোড করে নিতে হবে।

০১. অ্যাড-অনটি ইনস্টল করে ctrl+shift+a চেপে এবং বামে এক্সটেনশনে ক্লিক করতে হবে। এখন ব্লক সাইটের নিচে অপশনে ক্লিক করতে হবে। এরপর একটি পপআপ আসবে, সেখানে অ্যাডে ক্লিক করে কোন ওয়েবসাইট ব্লক করতে চান, তার নাম লিখতে হবে। একাধিক ওয়েবসাইট ব্লক করতে চাইলে এই প্রক্রিয়া বারবার অনুসরণ করে যেতে হবে। এরপর ওকে ক্লিক করে বেরিয়ে আসতে হবে।

০২. এখন থেকে ফায়ারফক্সে তালিকায় দেয়া ওয়েবসাইটগুলো ব্লক হয়ে যাবে। ব্লক সাইট অ্যাড-অনের ব্লক ওয়েবসাইটের তালিকা থাকা ফাইলকে পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত করে রাখা যাবে, যাতে কেউ এডিট করতে না পারে। আগের ধাপের বর্ণনা করা পদক্ষেপ অনুসরণ করে এই কাজটি অপশন মেনু থেকেও করা যায়।

ব্লক সাইট অ্যাড-অনস গুগল ক্রম ব্রাউজারের জন্য পাওয়া যায়।

ইন্টারনেট এক্সপ্লোরারে ওয়েবসাইট ব্লক করার প্রক্রিয়া নিম্নরূপ

ব্রাউজার ওপেন করে টুলসে (alt+x) গিয়ে ইন্টারনেট অপশনে অ্যাক্সেস করুন। এরপর সিকিউরিটি ট্যাবে ক্লিক করার পর লাল সীমানা দেয়া আইকনে ক্লিক করতে হবে।

পপ আসবে, সেখানে ম্যানুয়ালি যেসব সাইট ব্লক করতে চান, সেগুলোর নাম একের পর এক লিখতে হবে। প্রতিটি সাইটের নাম টাইপের পর অ্যাডে ক্লিক করতে হবে। শেষ হলে ক্লোজ ও অন্যসব উইন্ডোতে ওকে ক্লিক করতে হবে।

ফোন ও ট্যাবলেট

অ্যান্ড্রয়েড ফোনে ওয়েবসাইট ব্লক করার জন্য হোস্ট ফাইল এডিট করতে হবে। এজন্য আপনার দরকার হবে একটি ফাইল ম্যানেজার ও একটি টেক্সট এডিটর। সবচেয়ে সহজ হবে, যদি আপনি ইএস ফাইল এক্সপ্লোরার অ্যাপ ব্যবহার করেন।

অ্যাপটি দুটি কাজই করতে সাহায্য করবে। এটি কীভাবে কাজ করে দেখে নেয়া যাক।

০১. প্রথমেই ইএস ফাইল এক্সপ্লোরার (ES File Explorer) ইনস্টল করে নিতে হবে। ইএস ওপেন করে উপরে '/' বাটনে ট্যাব দিতে হবে।

এরপর ট্যাব দিয়ে system-এ যেতে হবে।

০২. এখন ফাইল এডিট করতে হবে যেন ওয়েবসাইটগুলোর ডিএনএসকে রিডাইরেক্ট করা যায়। এ জন্য নতুন লাইনে শুরু করতে হবে এবং টাইপ করতে হবে '127.0.0.1 www.blockedwebsite.com' (কোটেসন ব্যবহার করা যাবে না)।

০৩. অ্যান্ড্রয়েড ডিভাইসটি রিবুট করতে হবে। এই প্রক্রিয়াটি বেশি জটিল মনে হলে আপনি একটি অ্যান্টিভাইরাস যেমন- ট্রেন্ড মাইক্রো (Trend Micro) ইনস্টল করে নিতে পারেন, যেটি ওয়েবসাইট ব্লক করতে সাহায্য করবে।

ফিডব্যাক : hossain.anower009@gmail.com